

মোঃ মিজানুর রহমান  
আপনাকে ধন্যবাদ।

২৪.১০.২০২২  
মোঃ মাদ্রাসা শিক্ষা  
অফিস নং: ০২১০৩৯  
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

পরিদর্শন (চট্টগ্রাম) শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৮৮.০৭৭.১৯.২৭১০

তারিখ: ৮ কার্তিক ১৪২৯

২৪ অক্টোবর ২০২২

বিষয়: কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন চকরিয়া আনওয়ারুল উলুম কামিল মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, বর্ণিত মাদ্রাসার স্মারক নং- চ.আ.উ.কা.মা-২০২২/৮৭; তারিখ: ১৭.১০.২০২২খ্রি।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮; তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজ-পত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনয়ন দেয়া হলো-

মনোনিত বিদ্যোৎসাহী প্রতিনিধির নাম ও পিতার নাম	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পেশা
জনাব মিজানুর রহমান পিতা: মৃত আবুল হাশেম	মাইজঘোনা, ৫নং ওয়ার্ড, সাহারবিল, চকরিয়া, কক্সবাজার।	বি.এ	ব্যবসা

**বিশেষ দ্রষ্টব্য:**

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কোন কর্মকাণ্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উক্ত সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।

*(স্বাক্ষর)*

২৪-১০-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)

ফোন: ০২-৪১০৩০৮৯৪

ইমেইল:

dmeinspectorctg@gmail.com

অধ্যক্ষ, চকরিয়া আনওয়ারুল উলুম কামিল মাদ্রাসা,

চকরিয়া, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৮৮.০৭৭.১৯.২৭১০/১(৫)

তারিখ: ৮ কার্তিক ১৪২৯

২৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, কক্সবাজার।।

২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩) উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া, কক্সবাজার।

৫) জনাব মিজানুর রহমান, পিতা: মৃত আবুল হাশেম, মাইজঘোনা, ৫নং ওয়ার্ড, সাহারবিল, চকরিয়া,

ফেব্রুয়ারি

২৪-১০-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম  
পরিদর্শক